অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/24/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL তিনজন এজেন্সি কমিশনার মনোনীত ব্যক্তির নাম ঘোষণা করেছেন

মানবাধিকার বিভাগের কমিশনার হিসেবে কাজ করার জন্য গভর্নর Denise Miranda-কে মনোনীত করেছেন

পরিবেশ সংরক্ষণ দপ্তরের কমিশনার হিসেবে কাজ করার জন্য গভর্নর Amanda Lefton-কে মনোনীত করেছেন

বিকাশগত প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিদের জন্য কার্যালয় এর কমিশনার হিসাবে গভর্নর Willow Baer-কে কাজ করার জন্য মনোনীত করেছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্ক স্টেট এজেন্সির তিনজন কমিশনারকে মনোনীত করার কথা ঘোষণা করেছেন। গভর্নর, Denise Miranda (ডেনিস মিরান্ডা)-কে মানবাধিকার, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ বিভাগের (Division of Human Rights, Recreation and Historic Preservation) কমিশনার হিসেবে, Amanda Lefton (আমান্ডা লেফটন)-কে পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার হিসেবে এবং Willow Baer (উইলো বেয়ার)-কে বিকাশগত প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিদের জন্য স্টেট কার্যালয় (State Office for People With Developmental Disabilities) এর কমিশনার হিসেবে মনোনীত করেছেন।

"যেহেতু আমরা নিউ ইয়র্ককে সন্তানকে বড় করে তোলার সর্বোত্তম জায়গা হিসেবে গড়ে করে তোলার জন্য কাজ করছি, তাই এই সেই লক্ষ্যকে বাস্তব রূপদানের জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং অভিজ্ঞতা সহ একটি টিম থাকা গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "এই চারজন মনোনীত প্রার্থী নিজেদেরকে শক্তিশালী নেতা হিসেবে প্রমাণ করেছেন এবং কৃতিত্বের রেকর্ডও রেখেছেন — এবং তারা এই স্টেট এজেন্সিসমূহকে নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।"

কমিশনার Denise Miranda (ডেনিস মিরান্ডা) সম্পর্কে

মানবাধিকার বিভাগের (DHR) কমিশনার হিসেবে কাজ করার জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) 2024 সালের মার্চ মাসে Denise Miranda (ডেনিস মিরান্ডা)-কে নিয়োগ করেছেন।

বিভাগে তার প্রথম বছরে, মিসেস Miranda (মিরান্ডা) বিভাগের ইনটেক কার্যক্রমের সম্পূর্ণ সংস্কার শুরু করেন, প্রথম ছয় মাসে কর্মী সংখ্যা 40 শতাংশ বৃদ্ধি করেন, শিক্ষা ও প্রচারণার উদ্যোগ সম্প্রসারিত করেন এবং মানব ও নাগরিক অধিকার রক্ষায় নিবেদিত দেশের প্রথম স্টেট এজেন্সি হওয়ার বিভাগের ঐতিহ্য নিশ্চিত ও সুরক্ষিত করার জন্য সামগ্রিকভাবে এবং নির্বিচারে সাংগঠনিক পরিবর্তনে জড়িত হন। 2024 সালের নভেম্বরে, তিনি বিভাগের ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিটের কাজকে সমর্থন করার জন্য প্রথম স্টেট ব্যাপী "কল আউট হেট (Call Out Hate)" প্রচারাভিযান শুরু করেন, যা কুসংস্কার এবং বৈষম্যের বিরুদ্ধে লড়াই করার জন্য তৈরি করা হয়েছিল। DHR-এ ভারপ্রাপ্ত কমিশনারের প্রথম বছরের শেষে এবং গভর্নরের সহায়তায়, DHR এজেন্সির বাজেটে 30 শতাংশ বৃদ্ধি প্রত্যক্ষ করেছে এবং দাবির তদন্ত এবং বিচারের প্রক্রিয়া ত্বরান্বিত করার সময় এজেন্সির প্রতিরোধ প্রচেষ্টা বৃদ্ধির জন্য সক্রিয়ভাবে কাজ করেছে।

এর আগে, ভারপ্রাপ্ত কমিশনার Miranda (মিরান্ডা) বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের সুরক্ষার জন্য নিউ ইয়র্ক স্টেট ন্যায়বিচার কেন্দ্রের (Justice Center for the Protection of People with Special Needs) নির্বাহী পরিচালক হিসেবে সাত বছর কাজ করছেন তিনি এজেন্সির কার্যক্রম তদারকি করতেন, যার মধ্যে ছিল অপব্যবহার ও অবহেলার তদন্ত, ফৌজদারি মামলা এবং প্রশাসনিক শাস্তিমূলক কার্যধারা। তার নেতৃত্বে, ন্যায়বিচার কেন্দ্র (Justice Center) 425 জনেরও বেশি কর্মচারী এবং 41 মিলিয়ন মার্কিন ডলারের একটি অপারেটিং বাজেট সহ দশ লক্ষেরও বেশি ব্যক্তির পরিচর্যা পরিচালনা করেছিল।

কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) সম্পর্কে

Amanda Lefton (আমান্ডা লেফটন) এর বৈচিত্র্যময় কর্মজীবন সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই বিস্তৃত, যার মধ্যে পূর্বে তিনি ডিপার্টমেন্ট অফ দ্যা ইন্টেরিওর (Department of the Interior) এর অধীনে ব্যুরো অফ ওশান এনার্জি ম্যানেজমেন্ট (Bureau of Ocean Energy Management, BOEM)-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তার নেতৃত্বে, BOEM একটি উচ্চাভিলাষী ফেডারেল অফশোর উইন্ড প্রোগ্রাম তৈরি এবং বাস্তবায়ন করে যা পরিবার-সমর্থনকারী চাকরি এবং তরুণদের সুযোগের একটি নতুন শিল্প তৈরি করে। তার সহযোগিতামূলক দৃষ্টিভঙ্গী দেশের গুরুত্বপূর্ণ অফশোর এনার্জি (সমুদ্রের বাতাস, ঢেউ এবং জোয়ার থেকে উৎপন্ন শক্তি) ও খনিজ সম্পদের দায়িত্বশীল ব্যবস্থাপনার জন্য বিভিন্ন স্টেকহোল্ডারদের একত্রিত করেছে।

BOEM পরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণের আগে, Lefton (লেফটন) নিউ ইয়র্কের এনার্জি ও পরিবেশ (Energy and Environment) বিষয়ক প্রথম সহকারী সচিব হিসেবে দায়িত্ব পালন করেছিলেন, যেখানে তিনি স্টেটের পরিবেশগত ও জলবায়ু সংক্রান্ত উদ্যোগের নেতৃত্ব দিয়েছিলেন এবং DEC সহ নির্বাহী সংস্থাগুলির একটি পোর্টফোলিও তত্ত্বাবধান করেছিলেন। তিনি নিউ ইয়র্কের দ্য নেচার কনজারভেন্সির (The Nature Conservancy) ডেপুটি পলিসি ডিরেক্টর এবং ক্লাইমেট মিটিগেশন লিড (একজন ব্যক্তি যিনি একটি সংস্থা বা প্রকল্পের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব কমাতে কৌশল তৈরি এবং বাস্তবায়নের প্রাথমিক দায়িত্ব গ্রহণ করেন), রচেস্টার রিজিওনাল জয়েন্ট বোর্ড অফ ওয়ার্কার্স ইউনাইটেড (Rochester Regional Joint Board of Workers United) এবং নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি এবং নিউ ইয়র্ক স্টেট সিনেটের জন্যও কাজ করেছেন। অতি সম্প্রতি, Lefton

(লেফটন) RWE-তে অফশোর ডেভেলপমেন্ট, মার্কিন ইস্টের ভাইস প্রেসিডেন্ট ছিলেন - যা অফশোর বায়ু খাতের বিশ্বের অন্যতম শীর্ষস্থানীয় সংস্থা।

আসলে তিনি কুইন্সের মানুষ, তিনি লং আইল্যান্ডে বড় হয়ে উঠেছেন এবং অ্যালবান বিশ্ববিদ্যালয় থেকে ব্যাচেলর অব আর্টস ডিগ্রি অর্জন করেন। তিনি এখন তার স্ত্রী ও সৎ মেয়ের সাথে রাজধানী অঞ্চলে বাস করেন।

কমিশনার Willow Baer (উইলো বেয়ার) সম্পর্কে
OPWDD-এর কমিশনার হিসেবে মনোনীত হতে পেরে Willow Baer (উইলো বেয়ার) সম্মানিত। ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে উন্নীত হওয়ার আগে, Willow (উইলো) OPWDD-এর নির্বাহী ডেপুটি কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছিলেন এবং পরিকল্পনা, আর্থিক পরিকল্পনা এবং তত্ত্বাবধান এবং নীতি উন্নয়ন সহ এজেন্সির অপারেশন পরিচালনার তত্ত্বাবধান করেছিলেন। তিনি বিভিন্ন ধরণের ক্ষমতার এজেন্সি কর্মীদের তত্ত্বাবধানের জন্যও ভারপ্রাপ্ত ছিলেন, যার মধ্যে রয়েছে প্রত্যক্ষ পরিচর্যা সহায়তা, আবাসিক এবং অনাবাসিক পরিবেশে ক্লিনিকাল এবং চিকিৎসা কর্মী, রক্ষণাবেক্ষণ এবং পরিচালনা।

উইলো (Willow) দুবার গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এর সহকারী কাউন্সেল হিসেবে কাজ করেছেন, মানবসেবা এবং মানসিক স্বাস্থ্যবিধির ক্ষেত্রে আইনি অগ্রাধিকার এবং আইন প্রণয়নের তত্ত্বাবধান করেছেন। উপরন্তু, Willow (উইলো) পূর্বে OPWDD-এর জেনারেল কাউন্সেল, শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children & Family Services) জেনারেল কাউন্সেল এবং ডেপুটি কমিশনার এবং NYS ন্যায়বিচার কেন্দ্রের (Justice Center) কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করেছেন। Politics NY (পলিটিক্স এনওয়াই) এবং amNY Metro (অ্যামএনওয়াই মেট্রো) Willow (উইলো)-কে '2024 পাওয়ার প্লেয়ার্স ইন হেলথ কেয়ার (Power Players in Health Care)' হিসেবে মনোনীত করেছে।

Willow (উইলো) তার পুরো কর্মজীবন অবহেলিত জনগোষ্ঠীর সুরক্ষা এবং তাদের পক্ষে কথা বলে কাটিয়েছেন । তিনি নিউ ইয়র্ককে এমন একটি স্টেট হিসেবে নিশ্চিত করার জন্য এজেন্সির কাজ চালিয়ে যাবেন যেখানে অন্তর্ভুক্তিমূলক, সহায়ক এবং বিকাশগত প্রতিবন্ধী ব্যক্তিরা অর্থপূর্ণ পছন্দের সাথে বাস করেন এবং তাদের বাসা বলতে গর্ভবোধ করেন।

মানবাধিকার বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার Denise Miranda (ডেনিস মিরান্ডা) বলেন,
“মানবাধিকার বিভাগের নেতৃত্ব দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) কর্তৃক মনোনীত হওয়া আমার কর্মজীবনের সেরা সম্মান। প্রায় 30 বছর ধরে, আমি আমার কর্মজীবন নিউ ইয়র্ক স্টেট জুড়ে নাগরিক অধিকারের অগ্রগতি এবং দুর্বল সম্প্রদায়গুলিকে রক্ষা করার জন্য উৎসর্গ করেছি এবং এই দায়িত্ব আমাকে অর্পণ করার জন্য আমি গভর্নরের কাছে কৃতজ্ঞ। আমাদের নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইনের 80 বছর উদযাপনের সাথে সাথে, এই মনোনয়ন গ্রহণ করতে এবং এজেন্সির পরবর্তী অধ্যায়টি সুগম করতে গভর্নরের সাথে অংশীদারিত্ব করতে পেরে আমি আনন্দিত। সকল নিউ ইয়র্কবাসীর নাগরিক অধিকার সম্পূর্ণরূপে রক্ষা করার জন্য আমি উন্মুখ।"

পরিবেশ সংরক্ষণ দপ্তরের নবনিযুক্ত কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "আমি সম্মানিত যে গভর্নর Hochul (হোকল) আমাকে পরিবেশ সংরক্ষণ বিভাগের গুরুত্বপূর্ণ লক্ষ্য সম্পাদনের দায়িত্ব দিয়েছেন। স্টেট জুড়ে কমিউনিটির স্বাস্থ্য ও নিরাপত্তা বৃদ্ধি এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ রক্ষার জন্য অর্থপূর্ণ ফলাফল প্রদানের জন্য আমি প্রতিশ্রুতিবদ্ধ।"

বিকাশগত প্রতিবন্ধী ব্যক্তিদের অফিসের ভারপ্রাপ্ত কমিশনার Willow Baer (উইলো বেয়ার) বলেন, "আমি কৃতজ্ঞ যে, গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট বৃহত্তর স্বাধীনতা, উদ্ভাবনী আবাসন বিকল্প এবং কমিউনিটির সংহতিকে অগ্রাধিকার দেয় এমন নীতিমালার মাধ্যমে বিকাশগত প্রতিবন্ধী ব্যক্তিদের পরিষেবা প্রদানে জাতীয় নেতা হিসাবে তার মর্যাদা পুনরুদ্ধার করেছে। বিকাশগত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অফিসের নেতৃত্ব দেওয়ার জন্য গভর্নর কর্তৃক মনোনীত হতে পেরে আমি সম্মানিত এবং উচ্ছ্বসিত এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে ন্যায়বিচার এবং অন্তর্ভুক্তির জন্য লড়াই করা অনেক নিজ পক্ষ সমর্থনকারী এবং পরিবারের সাথে এই কাজটি করতে পেরে আমি প্রতিদিন সম্মানীত বোধ করি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন